# লেবির আহ্বান

## মার্ক ২:১৩-১৭

ধর্ম মানুষের-তৈরি, সুসমাচার ঈশ্বর-দত্ত। ধর্ম মানে মানুষ যা ঈশ্বরের প্রতি করে, সুসমাচার মানে ঈশ্বর যা মানুষের প্রতি করেন বা করেছেন। ধর্ম দেয় সুচিন্তা, সুসমাচার দেয় সুখবর। ধর্ম হল বাহ্যিক সংস্কার, সুসমাচার হল অভ্যন্তরীণ পরিবর্তন। আপনি কি ধর্ম পালন করেন, নাকি সুসমাচারে বিশ্বাস করেন?

**ক। যীশু আমাদের ডাকেন**

"হে পরিশ্রান্ত ও ভারাক্রান্ত লোকসকল আমার নিকট এস, আমি তোমাদের বিশ্রাম দেব" (মথি ১১:২৮)। আপনি কি ক্লান্ত? আপনার কি সুসমাচারে প্রয়োজন আছে? আপনি কি অভ্যন্তরীণ পরিবর্তন চান?

যীশুর চোখ লেবিকে এড়িয়ে যায়নি, যদিও এড়িয়ে যাবার যথেষ্ট কারণ ছিল। সে ছিল করগ্রাহী। এর মানে (১) ইহুদি সমাজের চোখে বিশ্বাসঘাতক (নিজের জাতি ও ধর্মের প্রতি অবিশ্বস্ত), সামাজিকভাবে অস্পৃশ্য, বিদেশীদের কাছে বিক্রীত। (২) জীবিকার প্রয়োজনে পরজাতিদের সঙ্গে বেশি মেলামেশা, তাকে জেরুশালেম মন্দিরে উপাসনায় যোগদান থেকে বঞ্চিত করেছিল। (৩) জীবিকার প্রয়োজনে তার স্বভাব নষ্ট হয়েছিল (লোক ঠকিয়ে, চুরি করে ধনী হয়েছিল)। তাই, তারা বিচারালয়ে সাক্ষ্য পর্যন্ত দিতে পারত না।

এমন লোককে শিষ্য হিসাবে গ্রহণ যে, কখনও জনপ্রিয়তা বজায় রাখতে সাহায্যকারী নয়, তা যীশু জানতেন। কারণ তৎকালীন ইহুদি ধর্মীয় নেতারা, এমনকি যীশুর সদ্যোজাত অন্য শিষ্যেরাও একে ভালো চোখে দেখবে না। এর ফলে, যীশুর জনপ্রিয়তা হ্রাস পাবার যথেষ্ট কারণ ছিল।

কিন্তু যীশু জনপ্রিয়তার দাস নন, জনপ্রিয় মতামতকেও আমল দেবার লোক নন। তিনি পিতার ইচ্ছা পালনকারী (যোহন ৬:৩৮)। তাই, যীশুর চোখে লেবি কেবল করগ্রাহী নয় কিন্তু আমার আপনার মত একজন ব্যথিত হৃদয়ের নিরাপত্তাহীন মানুষ। যীশু তাঁর হৃদয়ের ভয়, একাকীত্ব ও কষ্ট দেখেছিলেন। প্রকৃত বন্ধু ও ঈশ্বরের সান্নিধ্য তাঁর প্রয়োজন ছিল। তাই, যীশু তাঁর অতীতের ব্যর্থতা বা বর্তমানের জীবনযাত্রাকে উপেক্ষা করে অনন্ত-জীবনের আশীর্বাদ দান করতে, তাঁকে ডাকলেন, "আমার পশ্চাৎ এস" (২:১৪)। আমাদের যোগ্যতা নয়, কিন্তু তাঁর দয়াই তাঁর ডাক পাবার উপায়। তাই, কোন বাধাই আমাদের তাঁর কাছে আসা বন্ধ করতে পারে না।

**খ। যীশু আমাদের সঙ্গে থাকেন**

"আমি কোনওক্রমে তোমাকে ছাড়িব না, ও কোনওক্রমে তোমাকে ত্যাগ করিব না" (ইব্রীয় ১৩:৫)। তিনি যদি একবার আপনার জীবনে আসেন, আপনাকে কখনও ছেড়ে চলে যাবেন না।

যীশুর ডাকে লেবি সাড়া দিয়েছিল। তাই, সে তাঁর জাগতিক পরিচিতি ও স্বাচ্ছন্দ্যকে ত্যাগ করে যীশুকে অনুসরণ করতে দ্বিধা করেনি। যদিও সামাজিক সম্মান লেবির ছিল না, তথাপি তাঁর জীবিকা থেকে উপার্জিত অর্থ তাঁকে স্বচ্ছল জীবন-যাপনে সুযোগ দিয়েছিল। কিন্তু আমরা ঈশ্বর ও ধন উভয়ের দাসত্ব করতে পারি না (মথি ৬:২৪)। তাই, লেবি একটিকে বেছে নিয়েছিল। এতদিন সে নিজের ইহুদি ভাইদের কটূক্তি শুনেছে, কিন্তু এখন থেকে তাঁর বিদেশী বন্ধুরাও (রোমীয়) তাঁকে তুচ্ছ করবে।

লেবির এই আচরণ যীশুর চোখ এড়ায়নি। তাই, হয়তো যীশু তাঁর কাজ দেখে তাঁর নাম পরিবর্তন করেছিলেন। সে আর লেবি (ইহুদি নাম, যা তাঁর জাগতিক পরম্পরাকে নির্দেশ করে) নামে নয়, কিন্তু মথি (যার অর্থ 'ঈশ্বরের উপহার' লুক ৫:২৭, মথি ১০:৩) বলে পরিচিত হবে। যীশু খ্রীস্টই "ঈশ্বরের সর্বোত্তম উপহার।" মথি নিজে নিজে বা নিজের দ্বারা 'ঈশ্বরের উপহার' নয়। কিন্তু সে "ঈশ্বরের সর্বোত্তম উপহার" লাভ করেছিল। যীশু তাঁকে ভালোবেসেছিলেন, ক্ষমা করেছিলেন, এবং পুনরুত্থানের পর তাঁতে বাস করেছিলেন।

যীশু যে মথির সঙ্গে চিরকাল থাকবেন, তার প্রমাণ



অনুগ্রহ সহভাগিতা মণ্ডলী, কলকাতা ৭৫; দূরভাষ- ২৪১৬ ১৪৭৫ (রেভা. সুজয় রায়)

সেদিন যীশু তাঁর শিষ্যদের নিয়ে মথির বাড়িতে প্রবেশের দ্বারা রাখলেন। শুধু প্রবেশ নয়, লেবির অন্যান্য করগ্রাহী ও পাপী বলে পরিচিত বন্ধু দের সঙ্গে তাঁরা আহার সহভাগিতায় অংশ নিলেন। এর জন্য অবশ্য যীশুকে ক্ষতি স্বীকার করতে হয়েছিল। তথাকথিত ধর্মীয় নেতারা যীশুর এই কাজ দেখে যীশুর বিরুদ্ধে জনমত গড়ার সুযোগ পেয়েছিল- "উনি করগ্রাহী ও পাপীদের সঙ্গে ভোজন পান করেন" (২:১৬)। তাদের এই কথাকে অস্বীকার না করে যীশু নিজেকে পাপীদের বন্ধু বলে স্বীকার করলেন, "আমি ধার্ম্মিকদের নয়, কিন্তু পাপীদের ডাকতে এসেছি" (২:১৭)।

আপনি কি মানুষের তৈরি সৎকাজের ধর্ম পালনের দ্বারা নিজেকে 'ধার্মিক' বলে মনে করেন? আপনি কি আপনার জ্ঞান, বিজ্ঞান, দর্শন, সৎ কর্ম, তীর্থযাত্রা, ধর্মীয় আচার-অনুষ্ঠান, জপ-তপ বা দান-ধ্যানের দ্বারা ঈশ্বরকে সন্তুষ্ট করে তাঁর কাছে নিজেকে যোগ্য প্রমাণ করতে চাইছেন? এ কথা যদি সত্য হয়, আপনার মত অসহায় আর কেউ নেই। পাপী মানুষ আমরা কখনও নিজেদের শক্তি বা বুদ্ধি তে পবিত্র ঈশ্বরের কাছে উপস্থিত হতে পারি না। তাই, পবিত্র ঈশ্বর নিজে আমাদের মাঝে এসেছেন। আমাকে, আপনাকে তাঁর কাছে ডেকেছেন, এবং তাঁর ডাকে সাড়াদানকারীদের সঙ্গে আছেন।

যীশুর কাছে আসবার আগে মথিকে তাঁর জীবন পরিবর্তন করতে হয়নি। কিন্তু যীশুর কাছে আসার পর, যীশু নিজে তাঁর জীবনে এসে, তাঁর জীবনকে পরিবর্তিত করেছিলেন। আপনি কি নিজেকে যথেষ্ট 'ধার্মিক' বলে মনে না করায় যীশুর কাছে আসতে দ্বিধা করছেন? মনে রাখবেন, যীশু ধার্মিকদের জন্য নয়, কিন্তু পাপীদের জন্য এসেছিলেন। সুস্থ ব্যক্তির ডাক্তারের প্রয়োজন নেই।



অনুগ্রহ সহভাগিতা মণ্ডলী, কলকাতা ৭৫; দূরভাষ- ২৪১৬ ১৪৭৫ (রেভা. সুজয় রায়)